



চরফ্যাশন (ভোলা): পূর্ব আহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে প্রখর রোদের মধ্যেই চলেছে শিক্ষার্থীদের লেখাপড়া

— ইত্তেফ

চরফ্যাশনে খোলা মাঠে শিক্ষার্থীদের পাঠদান

■ মিজানুর রহমান নয়ন, চরফ্যাশন (ভোলা) সংবাদদাতা
চরফ্যাশনের নুরাবাদ ইউনিয়নের পূর্ব আহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা খোলা মাঠে লেখাপড়া করছে। স্কুলের তিনশেড ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় গত ২ মাস ধরে তারা এভাবে লেখাপড়া চালিয়ে যাচ্ছে। বেলা বাড়ার সাথে সাথে সূর্যের প্রখর দাবদাহে শিশু শিক্ষার্থীদের অসুস্থ হওয়ার আশংকা দেখা দিচ্ছে। বিদ্যালয়ের ৪ জন শিক্ষক প্রতিদিনই ৪শ ৫০ জন শিক্ষার্থীকে এভাবেই পাঠদান চালিয়ে যাচ্ছেন।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, বিদ্যালয়ের সামনে মাঠে বেঞ্চ বসিয়ে শিক্ষার্থীদের পাঠদান চলছে। ছাত্র-ছাত্রী অনুপাতে বেঞ্চ না থাকায় এক বেঞ্চে অনেক ছাত্র-ছাত্রীকে গাদাগাদি করে বসতে হচ্ছে। এতে তাদের লিখতে পড়তে অসুবিধা হচ্ছে। অন্যদিকে সূর্যের প্রখর রোদে ছোট ছোট শিশু দুর্বল হয়ে পড়ছে। যে কোনো সময় তারা অসুস্থ হয়ে

পড়তে পারে।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মো. রুহুল আমিন রনি জানান, দু'হাজার সাশে বিদ্যালয়টি স্থাপিত হয়। স্থানীয়দের আর্থিক সহায়তায় নির্মিত হয় তিনশেড ঘরটি। ২০০১ সালের ঘূর্ণিঝড়ে ঘরটি ক্ষতিগ্রস্ত হলে স্থানীয়দের সহায়তায় পুনরায় মেরামত করা হয়। বর্তমানে ঘরটি জরাজীর্ণ এবং ঝুঁকিপূর্ণ। বর্ষার আগে মেরামত না হলে বর্ষায় পাঠদান বন্ধ করা ছাড়া কোনো উপায় থাকবে না। এ পর্যন্ত একাধিক আবেদন নিবেদন করেও পাকা ভবন মেলেনি বলেও জানান তিনি।

প্রধান শিক্ষক মো. রুহুল কুদ্দুছ বলেন, ঘরটি নড়বড়ে এবং নির্মাণ সামগ্রী ক্ষয়ে পড়ায় ছাত্র-ছাত্রী এবং শিক্ষকদের জীবনের নিরাপত্তার কথা চিন্তা করে জানুয়ারি মাসের শুরু থেকে সামনে খোলা মাঠে পাঠদান চালানো হচ্ছে। বেলা বাড়লে প্রখর দাবদাহে মাঠেও শিক্ষার্থীদের পাঠদানে চরম সমস্যা হয়।